

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং-৭৬/২০১৮

তারিখঃ ০৫/১১/২০১৮খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ স্মারক নং-এস ২-১৩/বিবিধ/সেকশন-৪/২০১৮-২০১৯/১১৬৮৯ তারিখঃ ১/১১/১৮খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান  
সচিব

উন্নয়নের অক্সিজেন রাজস্ব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টম হাউস, চট্টগ্রাম।

জনকল্যাণে রাজস্ব

### অফিস আদেশ

বিষয়ঃ কায়িক পরীক্ষণ প্রতিবেদন স্পষ্টীকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। রাজস্ব ঝুঁকি রোধ করে পণ্যের সঠিক শুদ্ধায়ন নিশ্চিত করার লক্ষ্যে Risk Management এর আওতায় কিছু কিছু পণ্যের চালান কায়িক পরীক্ষাপূর্বক শুদ্ধায়ন করা হয়। কায়িক পরীক্ষাপূর্বক প্রাপ্ত তথ্যসমূহ পরীক্ষাকারী কর্মকর্তাগণ কর্তৃক অনলাইনে প্রেরণ করা হয়ে থাকে। সম্পূর্ণ এবং সুস্পষ্ট কায়িক পরীক্ষার প্রতিবেদন শুধুমাত্র রাজস্ব ঝুঁকি রোধ করে সঠিক শুদ্ধায়ন-ই নিশ্চিত করে না, উপরন্তু ভবিষ্যতের মূল্যতথ্য ভান্ডারকেও শক্তিশালী করে। সম্মানিত আমদানিকারকগণকে দ্রুত সেবা প্রদান তথা মিথ্যা ঘোষণা রোধ করে রাজস্ব আদায় কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে কায়িক পরীক্ষাকারী কর্মকর্তাদের নিম্নোক্ত পদ্ধতি মোতাবেক কায়িক পরীক্ষার প্রতিবেদন অনলাইনে দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ

- কায়িক পরীক্ষার প্রতিবেদনে অবশ্যই পণ্যসমূহের নাম, কান্ট্রি অব অরিজিন, পরিমাণ, সংখ্যা ইত্যাদি এবং প্রযোজ্য ক্ষেত্রে পণ্যের ক্যাটাগরি/ধরন ভেদে পণ্যের নাম, পরিমাণ, সংখ্যা, মডেল/গ্রেড, ক্ষেত্রমতে ব্রান্ড নাম, আর্ট নম্বর/পার্ট নম্বর, সাইজ/আকার-আকৃতি, Thickness/Width গুণগতমান, বৈশিষ্ট্য, ব্যবহার প্রকৃতি এবং অন্যান্য তথ্যাদি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- পরীক্ষাকারী কর্মকর্তাগণ প্রচলিত বিধিবিধান অনুসরণ করে সতর্কতার সাথে প্রত্যেকটি আইটেম/প্রকারের নমুনা প্রেরণ করবেন। ব্যাগে আবদ্ধকৃত যে সকল নমুনার আকার-আকৃতিগত কারণে নমুনার গায়ে স্বাক্ষর করা সম্ভব নয় এরূপ ব্যতীত প্রত্যেকটি নমুনা (ব্যাগে আবদ্ধকৃত হউক না হউক) বি/ই নম্বর উল্লেখসহ স্বাক্ষরিত হতে হবে। পণ্যের আকার-আকৃতি বা গ্রহণযোগ্য কোনো কারণে পণ্যের নমুনা প্রেরণ করা সম্ভব না হলে সেক্ষেত্রে স্বাক্ষরিত ও স্পষ্ট Colored Image/ক্যাটাগরি বি/ই নম্বর উল্লেখসহ প্রেরণ করতে হবে।
- “Goods are found Similar as per Invoice and Packing List” অথবা “Assesment can be done in view of sample” এ ধরনের মন্তব্য এবং অনিয়মের ক্ষেত্রে ব্যতীত পণ্যের H.S.Code বা Value এর বিষয়ে মতামত প্রদান অপ্রয়োজনীয়। সংশ্লিষ্ট শুদ্ধায়ন শাখাসমূহ আইন ও বিধি অনুযায়ী নমুনা ও কায়িক পরীক্ষার প্রতিবেদন দৃষ্টে আমদানি দলিলাদি ও ঘোষণা পর্যালোচনায় যথাযথ শুদ্ধায়ন নিশ্চিত করবেন।
- যদি কোন ক্ষেত্রে জেটি কর্মকর্তাগণ কর্তৃক ওজন/পরিমাণ নিশ্চিত করা সম্ভব না হয় সেক্ষেত্রে খালাস পর্যায়ে ওজন পরিমাপের প্রয়োজনীয়তা থেকে থাকলে তা প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- কোনো প্রতিবেদনে “মনে হয়/মনে হচ্ছে/হতে পারে/যে কোন একটি” এ ধরনের অস্পষ্ট বক্তব্য প্রদান শুদ্ধায়নে জটিলতা সৃষ্টি করে। কোনো প্রকার অস্পষ্টতা থেকে থাকলে দ্রুত জেটি উর্ধ্বতন কর্মকর্তার (অতিরিক্ত কমিশনার/জয়েন্ট কমিশনার) মতামতক্রমে প্রতিবেদন প্রেরণ করা যেতে পারে। তদুপরি এক্ষেত্রেও অস্পষ্টতা থেকে থাকলে তার কারণ উল্লেখপূর্বক মতামত সম্বলিত প্রতিবেদনটি প্রেরণ করা যেতে পারে।
- AIR কর্মকর্তাগণ কায়িক পরীক্ষার প্রতিবেদনটি সম্পূর্ণ ও সুস্পষ্টভাবে অনলাইনে দাখিল করবেন। তবে কায়িক পরীক্ষাটি জেটি কর্মকর্তা সহযোগে সম্পন্ন করা হলে, জেটি কর্মকর্তাগণ AIR কর্মকর্তাগণের পক্ষে কায়িক পরীক্ষার রিপোর্টটি নিশ্চিত করবেন।

স্বাঃ/-

(ড.এ কে এম নুরুজ্জামান)  
কমিশনার অব কাস্টমস্  
কাস্টম হাউস, চট্টগ্রাম।  
ফোন নং-০৩১-৭১৩৯১৮  
তারিখঃ ০১/১১/১৮খ্রিঃ